

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী**

| | |
|------------|---|
| সভাপতি | : জনাব সোহেলী শিরীন আহমেদ যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার স্থান | : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০) |
| তারিখ | : ২৪.০৫.২০২১ খ্রিস্টাব্দ |
| সময় | : বেলা-১১.০০ ঘটিকা সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট অধিশাখা) সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নতুন কাঠামো ও নির্দেশিকা ২০২১-২২ জারি করা হয়েছে। উক্ত নির্দেশিকা অনুসারে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলে দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। খসড়া এপিএ চুক্তিসমূহ সভায় উপস্থাপন করেন।

০২. তিনি আরো জানান যে, সভায় প্রতিটি সংস্থার চুক্তিসমূহ পর্যালোচিত হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে, কিছু কিছু ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করা হয়নি। সভায় যুগ্মসচিব (বস্ত্র) জানান যে, দপ্তর/সংস্থার চুক্তিসমূহ মন্ত্রণালয়ের স্ব স্ব প্রশাসনিক অনুবিভাগ কর্তৃক যাচাই-বাছাই করে চূড়ান্ত করার জন্য অনুরোধ করা যেতে পারে।

০৩. ২৮.০৪.২০২১ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|--------|--|---|
| ক. | প্রয়োজনীয় সংশোধনের পর বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রয়োজনীয় সংশোধনের পর বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ০৪.০৫.২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং এপিএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। |

০৪. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. দপ্তর/সংস্থার চুক্তিসমূহ মন্ত্রণালয়ের স্ব স্ব প্রশাসনিক অনুবিভাগ কর্তৃক এপিএ চুক্তি যাচাই-বাছাই করে প্রয়োজনীয় সংশোধন, বিয়োজন ও পরিমার্জন করবে, দপ্তর/সংস্থা সে আলোক এপিএ চূড়ান্তকরণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৫. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সোহেলী শিরীন আহমেদ)
যুগ্মসচিব

ও

টিম লিডার, এপিএ কমিটি